যে বান্দার দু’টি পা আল্লাহর পথে ধুলায় ধূসরিত হবে, তাকে জাহান্নামের আগুন স্পর্শ করবে না।

আবু আব্স আব্দুর রহমান ইবন জাবর রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, যে বান্দার দু’টি পা আল্লাহর
পথে ধুলায় ধূসরিত হবে, তাকে জাহান্নামের আগুন স্পর্শ করবে না”।
[সহীহ] [এটি বুখারী বর্ণনা করেছেন।]

হাদীসের অর্থ: যে ব্যক্তি আল্লাহর রাস্তায় জিহাদ করার উদ্দেশ্যে রাস্তায় বের হয় এবং তার দু’টি পা তাঁর রাস্তায় ধুলায় ধূসরিত হয়, সেটা তার জন্য জাহান্নাম থেকে মুক্তির কারণ হবে। বুখারীর বর্ণনায় এসেছে, “যার দু’টি পা আল্লাহর পথে ধুলায় ধূসরিত হবে আল্লাহ তাকে জাহান্নামের উপর হারাম করে দিবেন”।

https://sunnah.global/hadeeth/bn/show/3868